



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

এই যুগ

EI YUG

ডাউনলোড
“এই যুগ
অ্যাপ”



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন “এই যুগ অ্যাপ”

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 12 OCTOBER 2026, MONDAY | ১২ অক্টোবর ২০২৬, সোমবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-308

দুর্গা পূজা ২০২৬ এর প্রস্তুতির অংশ হিসাবে মাটিগাড়ায় বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন করলেন পুলিশ কমিশনার



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,১১ অক্টোবর : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন মাটিগাড়া থানার বিভিন্ন পূজামন্ডপ পরিদর্শন করলেন শিলিগুড়ির পুলিশ কমিশনার সৈয়দ ওয়াকার রাজা। রবিবার তিনি মাটিগাড়া থানা এলাকার বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন করে পূজার প্রস্তুতি, নিরাপত্তা ও সুরক্ষা ব্যবস্থা খতিয়ে দেখেন। পূজা উদযোক্তা, ট্রাফিক কর্মী ও স্থানীয় পুলিশ আধিকারিকদের প্রয়োজনীয় নির্দেশ দেন। জানা গেছে দুর্গাপূজা উপলক্ষ্যে কার্যকর নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা, যান চলাচল স্বাভাবিক রাখা ও আসন্ন দুর্গা পূজার উৎসবকে শান্তিপূর্ণ ও সৃষ্টিভাবে সম্পন্ন করার লক্ষ্যেই এই কর্মসূচি।

রেল চালকের তৎপরতায় রক্ষা পেল হাতির দল




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ অক্টোবর : রেললাইনের উপর হাতির দল দেখতে পেয়ে তৎপরতার সঙ্গে ট্রেনের গতি নিয়ন্ত্রণ করলেন চালক। তাঁদের সতর্কতায় নিরাপদে রেললাইন পার হওয়ার সুযোগ পেল দুটি পূর্ণবয়স্ক বুনো হাতি ও একটি শাবক। রেল সূত্রে জানা গিয়েছে, গতকাল রাত ৮টা ৫০ মিনিট নাগাদ ১৫৪৮৪ আপ সিকিম মহানন্দা এক্সপ্রেস রাজাভাতখাওয়া ও আলিপুরদুয়ার জংশনের মধ্যবর্তী রেলপথ দিয়ে যাওয়ার সময় এই ঘটনা ঘটে। দামনপুর এলাকার কাছে ১৬২/৯ থেকে ১৬৩/১ কিলোমিটার পয়েন্টের মধ্যে রেললাইনের উপর দুটি বুনো হাতি ও একটি শাবককে চলাফেরা করতে দেখেন ট্রেনের চালক অরিন্দম ঘোষ এবং সহকারী চালক ধ্রুবজ্যোতি সরকার। পরিস্থিতির গুরুত্ব বুঝে সঙ্গে সঙ্গে ট্রেনের গতি নিয়ন্ত্রণ করেন তাঁরা। এর ফলে হাতির দলটিকে নিরাপদে সরে যাওয়ার সুযোগ দেওয়া সম্ভব হয়।

বক্সায় প্রথম শিকার বাঘিনীর, ২৫ নভেম্বরের মধ্যে আসছে আরও একটি বাঘ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ অক্টোবর : বক্সার জঙ্গলে সাফল্যের ইঙ্গিত। বিহারের বাল্মীকি থেকে আনা তিন বছরের বাঘিনী গভীর জঙ্গলে প্রথম শিকার করেছে বলে জানা গেছে। বাঘ পুনর্বাসন প্রকল্পে এটি গুরুত্বপূর্ণ মাইলফলক। বনমন্ত্রী মনোজ কুমার গুঁরাও জানান, “বাঘিনী সফলভাবে শিকার করেছে। প্রোটোকল মেনে ২৫ নভেম্বরের মধ্যে আরও একটি বাঘ আনা হবে। এরপর আরও দুটি আনা হবে।” গত ২৯ সেপ্টেম্বর বাঘিনীকে বক্সায় আনা হয়। রাজাভাতখাওয়ার ২৫ মাইলে বিশেষ খোলা ঘেরায় রাখা হয়েছিল। ২ অক্টোবর দরজা খুললেও সে বেরোয়নি, অবশেষে ৪ অক্টোবর বিকেল ৫টার পর জঙ্গলে প্রবেশ করে। বন দপ্তর জানিয়েছে, শুধু শারীরিক সক্ষমতা নয়, খাবার-জল খোঁজা, এলাকা দখল ও স্বাধীনভাবে শিকারের ক্ষমতাই পুনর্বাসনের আসল পরীক্ষা। সেই দিক থেকে এই শিকার ইতিবাচক। রেডিও কলার পরিণতি তার গতিবিধির ওপর নজর রাখা হচ্ছে। নিরাপত্তার কারণে অবস্থান ও শিকারের বিস্তারিত জানানো হয়নি। পুরুষ বাঘ এলে প্রজননের সম্ভাবনা তৈরি হবে। স্থায়ী বসতি গড়তে পর্যাপ্ত শিকার, নিরাপদ আবাস ও দীর্ঘমেয়াদী নজরদারি প্রয়োজন।

পূর্ণবয়স্ক অজগর উদ্ধার শামুকতলায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ অক্টোবর : পূর্ণবয়স্ক একটি অজগর উদ্ধার করল সাউথ রাইডাক রেঞ্জের শামুকতলার বন কর্মীরা। রবিবার দুপুরে জনবহুল এলাকায় অজগর থেকে দেখতে পায় জনতা এরপর বনদপ্তরের কর্মীদের খবর দিলে কর্মীরা গিয়ে ওই অজগরটিকে উদ্ধার করে নিয়ে আসেন। উল্লেখ্য শনিবার রাত্রেও কোহিনুর গ্রাম পঞ্চায়েতে লালপুল এলাকা থেকে দুটি অজগর উদ্ধার করা হয়েছিল। বক্সার জঙ্গলে অজগর টিকে ছেড়ে দেওয়া হবে জানিয়েছে বনদপ্তর।

উদ্ধার বারো ফুট দীর্ঘ একটি কিং কোবরা সাপ,চাঞ্চল্য এলাকায়



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ অক্টোবর : আলিপুরদুয়ার জেলার মাদারীহাট ব্লকের টোটোপাড়ায় একটি বাড়ির সুপারিবাগানে জড়ো করা জ্বালানী কাঠের গাঁদা থেকে রবিবার সকালে বন কর্মীরা উদ্ধার করেন বিশাল আকারের এক কিং কোবরা সাপ। জানা গেছে সুপারি বাগান থেকে ভয়ঙ্কর গর্জন শুনতে পান বাড়ির লোকজন সহ স্থানীয় বাসিন্দারা। তারা গর্জন শুনতে পেয়ে সুপারি বাগানে গিয়ে সাপটিকে দেখতে পেয়ে খবর দেন বন দপ্তরের জলদাপাড়া বিভাগের আর টি রেঞ্জের। খবর পেয়ে প্রত্যন্ত টোটোপাড়ায় পৌঁছান বন কর্মীরা। তারা প্রায় এক ঘন্টার চেষ্টায় সাপটিকে উদ্ধার করে খাঁচা বন্দী করেন। বন কর্মীরা জানান সাপটি প্রায় বারো ফুট লম্বা। এটিকে ফের জঙ্গলের নিরাপদ আশ্রয়ে ছেড়ে দেওয়া হবে। সাপটি ধরা পড়ায় আতঙ্কমুক্ত হয়েছেন বাসিন্দারা।

জাল টাকা সহ গ্রেপ্তার তিন মাদারিহাটে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ অক্টোবর : গোপন সূত্রে পাওয়া তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে মাদারিহাট থানার পুলিশ তিনজনের কাছ থেকে ৫০০ টাকার ৫৯টি সন্দেশজনক জাল নোট উদ্ধার করল। উদ্ধার হওয়া নোটগুলির মোট অভিহিত মূল্য ৯৯ হাজার ৫০০ টাকা। রবিবার মাদারিহাট থানার অন্তর্গত মধ্য রাঙ্গালিবাড়ীনা এলাকার ডালডালিয়ায় এই ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ডালডালিয়ায় কয়েকজন সন্দেশভাজন ব্যক্তির উপস্থিতির খবর পেয়ে মাদারিহাট থানার সাব-ইনস্পেক্টর দেবব্রত বর্মনের নেতৃত্বে পুলিশের একটি দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছয়। সেখানে সাহানুর ইসলামের বাড়িতে তিনজনকে দেখতে পান পুলিশকর্মীরা। প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায়, ওই তিনজন সাহানুর ইসলামের বাড়িতে এসেছিলেন। এরপর তাঁদের সঙ্গে থাকা ব্যাগপত্র তল্লাশি করলেই ৫০০ টাকার ৫৯টি সন্দেশভাজন জাল নোট উদ্ধার হয় বলে পুলিশ জানিয়েছে। ধৃতদের মধ্যে রয়েছেন দক্ষিণ ২৪ পরগনার জয়নগর থানার অন্তর্গত দক্ষিণ বারাসতের গোদাপোর বাসিন্দা ৩৮ বছর বয়সি ফজরুল রহমান সর্দার এবং ৩৬ বছর বয়সি নুর আলম শেখ। তৃতীয় ব্যক্তি উত্তর ২৪ পরগনার দেগঙ্গা থানার অন্তর্গত ভাসলিয়া এলাকার সাখাতিয়ার বাসিন্দা ছাবিকুন নাহার। উদ্ধার হওয়া নোটগুলি কোথা থেকে আনা হয়েছিল এবং এই ঘটনার সঙ্গে আরও কেউ জড়িত রয়েছেন কি না, তা খতিয়ে দেখছে পুলিশ। নোটগুলি সত্যিই জাল কি না, তা নিশ্চিত করতে তদন্তের প্রয়োজন রয়েছে। ঘটনার পরিপ্রেক্ষিতে আইন অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের প্রক্রিয়া শুরু করেছে মাদারিহাট থানার পুলিশ।

দুইজনকে গ্রেফতার করে উদ্ধার করল প্রচুর পরিমাণ চোরাই সুপারি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ অক্টোবর : স্ক্র্যাপ ব্যবসার আড়ালে সুপারি পাচারের কারবারের পর্দা ফাঁস করল জয়গাঁ থানার পুলিশ। গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে প্রায় ১২ হাজার কেজি সুপারি উদ্ধার করা হয়েছে। এই ঘটনায় দু'জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। উদ্ধার হওয়া সুপারির ন্যূনতম আমদানি মূল্য প্রায় ৪২ লক্ষ ১২ হাজার টাকা বলে জানা গিয়েছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ভুটানের উদ্দেশ্যে যাওয়ার কথা ছিল স্ক্র্যাপ বোঝাই একটি পণ্যবাহী গাড়ি। কিন্তু নির্ধারিত রুট থেকে গাড়িটি অন্য পথে চলে যাওয়ায় পুলিশের সন্দেহ হয়। এরপর কাস্টমস ও এসএসবি আধিকারিকদের উপস্থিতিতে নিয়ম মেনে গাড়িটি পরীক্ষা করা হয়। সেই সময়ই পাচারের চাঞ্চল্যকর তথ্য সামনে আসে। অভিযোগ, নির্ধারিত রুটের বাইরে একটি গুদামে নিয়ে গিয়ে গাড়িটির ভুটানের নম্বরপ্লেট খুলে তার জায়গায় উত্তরপ্রদেশের নম্বরপ্লেট লাগানো হয়। এরপর স্ক্র্যাপ সামগ্রীর আড়ালে গোপনে সুপারি বোঝাই করা হয়। তল্লাশি চালিয়ে মোট ২০০ বস্তা সুপারি উদ্ধার করা হয়। প্রতিটি বস্তার ওজন ছিল ৬১.৭৬০ কেজি। সব মিলিয়ে উদ্ধার হওয়া সুপারির পরিমাণ প্রায় ১২ হাজার কেজি। এই ঘটনায় গুদামের মালিক ও নম্বরপ্লেট পরিবর্তনের কাজে যুক্ত ম্যানেজারকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতরা হলেন বরনা বস্তির বাসিন্দা ফারুক আবদুল্লাহ এবং রফিকুল ইসলাম, দু'জনেরই বাড়ি জয়গাঁ থানা এলাকায়, আলিপুরদুয়ার জেলায়। পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, ঘটনায় সংশ্লিষ্ট আইনের ধারায় জয়গাঁ থানায় মামলা রুজু প্রক্রিয়া চলছে। পাচারচক্রের সঙ্গে আরও কেউ জড়িত রয়েছে কি না, তা জানতে ধৃতদের পুলিশি হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করা হবে। উদ্ধার হওয়া সুপারি ও গাড়ির সূত্র ধরে তদন্ত এগিয়ে নিয়ে যাচ্ছে পুলিশ।

চা বাগানের শ্রমিকদের মুখে হাসি ফুটলো



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ অক্টোবর : বোনাস নিয়ে জটিলতার জেরে নিরাপত্তা হীনতার কথা বলে বাগান ছেড়ে চলে গিয়েছিলেন কোহিনুর চা বাগানের ম্যানেজার। শামুকতলা থানার পুলিশের তৎপরতায় আলোচনার ভিত্তিতে ফের বাগানে ফিরে এলেন ম্যানেজার। স্বাভাবিক ভাবেই কাজ শুরু হয়েছে কোহিনুর চা বাগানে। ১৫ তারিখের আগেই ১০ শতাংশ বোনাসের পাশাপাশি তাদের বকেয়া বেতন মিটিয়ে দেওয়ার আশ্বাস দিয়েছেন বাগান কর্তৃপক্ষ। পুজোর মুখে বাগান ছেড়ে চলে যাওয়ায় হতাশ হয়ে গিয়েছে শ্রমিক পরিবার গুলি। বাগান কর্তৃপক্ষ ফের ফিরে আসায় স্বস্তির নিঃশ্বাস ফেলছেন বাগানের শ্রমিক পরিবার গুলি। হাসি ফুটেছে বাগানের শ্রমিক পরিবারের সদস্যদের মুখেও।

১ লক্ষ ৯০ হাজার সিগারেট উদ্ধার ,গ্রেপ্তার ১



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ অক্টোবর : গোপন সূত্রে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে বিপুল পরিমাণ সিগারেট উদ্ধার করল পুলিশ। ঘটনায় রাজস্থানের এক বাসিন্দাকে গ্রেপ্তার করা হয়েছে। শনিবার সন্ধ্যায় আলিপুরদুয়ারের ভেলুর ডাবরি পাকড়িতলা এলাকা থেকে জগদীশ প্রসাদ স্বামী নামে ওই ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। ধৃত ব্যক্তি রাজস্থানের বাসিন্দা বলে জানা গিয়েছে। পুলিশ সূত্রে খবর, অভিযান চালিয়ে একটি কনটেনার আটক করা হয়। তল্লাশি চালাতেই উদ্ধার হয় ১৯টি কার্টুনে রাখা মোট ১ লক্ষ ৯০ হাজার সিগারেট। এত বিপুল পরিমাণ সিগারেট কোথা থেকে আনা হচ্ছিল এবং কোথায় নিয়ে যাওয়া হচ্ছিল, তা খতিয়ে দেখছেন তদন্তকারীরা। প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে, সিগারেট বোঝাই কনটেনারটি গুয়াহাটি থেকে রাজস্থানের উদ্দেশ্যে নিয়ে যাওয়া হচ্ছিল। তবে এই পরিবহণের পিছনে অন্য কোনও উদ্দেশ্য ছিল কি না, সিগারেট পরিবহণের বৈধ নথিপত্র ছিল কি না, তা তদন্ত করে দেখছে পুলিশ। শনিবার সন্ধ্যায় গ্রেপ্তারের পর রবিবার ধৃত জগদীশ প্রসাদ স্বামীকে আদালতে তোলা হয়। উদ্ধার হওয়া সিগারেটের উৎস, পরিবহণ সংক্রান্ত নথিপত্র এবং এই ঘটনার সঙ্গে আর কেউ জড়িত রয়েছে কি না, তা জানার চেষ্টা করছেন তদন্তকারীরা। বিপুল পরিমাণ সিগারেট উদ্ধার ও কনটেনার আটককে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। তবে সিগারেটগুলি অবৈধভাবে পরিবহণ করা হচ্ছিল কি না, তা তদন্তের ফলাফল ও নথিপত্র যাচাইয়ের পরই স্পষ্ট হবে।

প্রায় ৩০ লক্ষ টাকার মহিষ উদ্ধার করল পুলিশ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ অক্টোবর : ২ ঘন্টার অভিযানে দুটি গাড়ি আটক করে উদ্ধার করা হয়েছে ১৪ টি মহিষ এবং তার ১৪ টি বাচ্চাকে। বিহার থেকে আসমে নিয়ে যাওয়ার পথে গোপন খবরের ভিত্তিতে শামুকতলা রোড ফাঁড়ির ওসি মিলন বর্মনের নেতৃত্বে একটি গাড়িকে আটক করে। সেই গাড়ি থেকে উদ্ধার হয় আটটি মহিষ এবং আটটি বাচ্চা। ঘন্টা দুয়েকের মধ্যেই অপর একটি গাড়ি আটক করে সেই গাড়ি থেকে ছটি মহিষ এবং ছটি মহিষের বাচ্চা উদ্ধার করে। দুটি গাড়ি থেকে গ্রেপ্তার করা হয়েছে মোট সাতজনকে। যদিও গ্রেপ্তার হওয়া ব্যক্তিরা জানিয়েছিলেন বৈধ কাগজপত্র আছে মহিষের। মহিষ গুলির কানে স্টিকার মারা ছিল। পুলিশের জোরার মুখে তাদের কাছ থেকে কোনরকম কাগজ পাওয়া যায়নি। পুলিশ দুটি গাড়ি থেকে মোট সাতজনকে গ্রেফতার করেছে। আগামীকাল অভিযুক্তদের আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হবে। পাচারকারী ব্যক্তিদের সঙ্গে কথা বলে জানা গেছে বিহার থেকে গাড়িতে করে মহিষ গুলি তোলা হয়েছিল। বিহারে বাচ্চা সহ মহিষের দাম এক লক্ষ কুড়ি হাজার টাকা। আসাম নিয়ে যাওয়ার পর সেগুলি এক লক্ষ আশি হাজার থেকে ২ লক্ষ টাকা করে বিক্রি হবে। একদিনে ২ ঘন্টার অভিযানে রেকর্ড করে দিল শামুকতলা রোড ফারির ওসি মিলন বর্মন। ৩১ নম্বর জাতীয় সড়ক ধরে লাগাতার ভাবে পাচার হচ্ছে মহিষ। পুলিশ অভিযান চালালেও পাচারকারীরা থেমে নেই।

উদ্ধার প্রায় এক লক্ষ টাকা মূল্যের অবৈধ বাজি ,গ্রেপ্তার এক



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ অক্টোবর : আলিপুরদুয়ার জেলা পুলিশের জয়গাঁ থানার পুলিশ রবিবার সকালে বিশ্বস্ত সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে থানা এলাকার সমাজ কল্যান এলাকায় গোখাঁড়বনে অভিযান চালিয়ে প্রচুর পরিমাণ অবৈধ বাজি উদ্ধার করে। গ্রেপ্তার করা হয় এক ব্যক্তিকে। জানা গেছে ধৃত ব্যক্তির নাম অর্জুন কুমার, সে বিহারের মজফরপুর জেলার বাসিন্দা, জয়গাঁতে সমাজকল্যান এলাকার গোখাঁড়বনে ভাড়া থাকে। পুলিশ জানায় উদ্ধার করা বাজির আনুমানিক বাজার মূল্য প্রায় এক লক্ষ টাকা। ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করা হয়েছে ও আলিপুরদুয়ার আদালতে পেশ করার প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

বন কর্মীর তৎপরতায় বড় দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেলো বুনো হাতির বিশাল পাল



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,১১ অক্টোবর : বন কর্মীর উপস্থিতিতে বড় তৎপরতায় রক্ষা পেলো বুনোহাতির এক বিশাল পাল। জানা গেছে শনিবার বিকালে সন্তরটি হাতির একটি পাল বাগডোগরা রেঞ্জের টুকরিয়াবার জঙ্গল থেকে বেরিয়ে রেল লাইন পেরিয়ে নকশালবাড়ির জঙ্গলের দিকে যাচ্ছিলো। সেই সময় রেল লাইন ধরে ছুটে আসছিলো সিকিম মহানন্দা এক্সপ্রেস। বিষয়টি নজরে পড়ে বন দপ্তরের কুইক রেস্পন্স টিমের সদস্য আকাশ কেরকেট্টার। উল্লেখ্য প্রতিবছর এই সময় হাতির পাল কার্শিয়াং এর জঙ্গলের দিকে যাত্রা শুরু করে আর সে কারনেই বন দপ্তরের কুইক রেস্পন্স টিম হাতিদের নিরাপদ যাতায়াত সুনিশ্চিত করতে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করে নজরদারীর কাজে মোতায়েন থাকে। সেই নজরদারী দলের সদস্য আকাশ কেরকেট্টা ট্রেন আসতে দেখে লাল কাপড় ওড়াতে থাকেন। লাল কাপড় দেখে ট্রেন চালক ট্রেন থামিয়ে দেন ও হাতির পালটি নিরাপদে লাইন পেরিয়ে যায়। আর বড়োসড়ো দুর্ঘটনার কবল থেকে রক্ষা পায় হাতির পালটি।



Contact No: 9836753661



Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL